

## 💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৭০৭ ১৩/ সওম (كتاب الصيام) পরিচ্ছেদঃ ১৩/৩০, সওমের ফ্যীলত

فضل الصيام

## আরবী

حديث أبِي هُرَيْرَةَ رضي الله عنه، قَالَ: قَالَ رَسُولُ اللهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: قَالَ اللهُ: كُلُّ عَمَلِ ابْنِ آدَمَ لَهُ إِلاَّ الصِيّامَ، فَإِنَّهُ لِي وَأَنَا أَجْزِي بِهِ، وَالصِيّامُ جُنَّةٌ، وَإِذَا كَانَ يَوْمُ صَوْمٍ أَحَدِكُمْ فَلاَ يَرْفُثْ وَلاَ يَصِحْبُ، فَإِنْ سَابَّهُ أَحَدٌ أَوْ قَاتَلَهُ فَلْيَقُلْ إِنِّي امْرُوُّ صَائمٌ، وَالَّذِي نَفْسُ مُحَمَّد بِيَدِهِ لَخُلُوفُ فَمِ الصَّائمِ أَطْيَبُ عِنْدَ اللهِ مِنْ رِيحِ الْمِسْكِ لِلصَّائمِ فَرْحَ بِصَوْمِهِ فَرْحَ بِصَوْمِهِ

## বাংলা

৭০৭. আবৃ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ আল্লাহ তা'আলা বলেছেন, সওম ব্যতীত আদম সন্তানের প্রতিটি কাজই তার নিজের জন্য, কিন্তু সিয়াম আমার জন্য। তাই আমি এর প্রতিদান দেব। সিয়াম ঢাল স্বরূপ। আমাদের কেউ যেন সিয়াম পালনের দিন অল্লীলতায় লিপ্ত না হয় এবং ঝগড়া-বিবাদ না করে। যদি কেউ তাকে গালি দেয় অথবা তার সঙ্গে ঝগড়া করে, তাহলে সে যেন বলে, আমি একজন সায়ম। যার কবজায় মুহাম্মাদের প্রাণ, তাঁর শপথ! অবশ্যই সায়িমের মুখের গন্ধ আল্লাহর নিকট মিস্কের গন্ধের চেয়েও সুগন্ধি। সায়িমের জন্য রয়েছে দু'টি খুশী যা তাকে খুশী করে। যখন সেইফতার করে, সে খুশী হয় এবং যখন সে তার রবের সাথে সাক্ষাৎ করবে, তখন সওমের বিনিময়ে আনন্দিত হবে।

## ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৬৯: ভরণ-পোষণ, অধ্যায় ১৪, হাঃ ১৯০৪; মুসলিম, পর্ব ১৩ ; সওম, অধ্যায় ৩০, হাঃ ১১৫১

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)



 ${\color{red} {\it 9}} \; {\it Link-https://www.hadithbd.com/hadith/link/?id=83935}$ 

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন